তোমরা ভোর করার পূর্বে ভিতিরের সালাত আদায় কর।

আবূ সা‘ঈদ আল খুদরী-রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা ভোর করার পূর্বে ভিতিরের সালাত আদায় কর।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

ভিতির হলো রাতের সালাত। এ সালাত দ্বারাই রাতের সালাতের সমাপ্তি করা হয়ে থাকে। যেমন দিনের সালাত মাগরিবের সালাত দ্বারা শেষ করা হয়ে থাকে। হাদীস শরীফটি ভিতিরের সালাতের ওয়াক্তকে স্পষ্ট করে যে, ভিতিরের সালাতের ওয়াক্ত হলো দ্বিতীয় ফাজর উদয় হওয়ার পূর্বে।

https://sunnah.global/hadeeth/bn/show/11275